

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৫৫.১৩(অংশ-৩). ২২০৭

তারিখ: ১৭/০৯/২০১৬ খ্রিঃ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং- টিএসসি/মোঃ/পি.এফ/৬৬ তারিখ: ১৩/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, তিনি জনাব মোঃ মঈদুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) যোগদানের পর থেকে সহকর্মীদের সাথে অসৌজন্যমূলক ও অনাকাঙ্খিত আচরণ করে আসছেন। তাছাড়া প্রতিষ্ঠানের আশে-পাশের এলাকাতেও কিছু কিছু অনাকাঙ্খিত কার্যকলাপে লিপ্ত হয়েছেন। ক্লাশে ছাত্র-ছাত্রীদের সাথেও শিক্ষক সুলভ আচরণ করেন না।

২। গত ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখে তিনি তার বিভাগীয় প্রধানের সাথে আপত্তিকর কথা-বার্তা নিয়ে তর্কে লিপ্ত হন। এক পর্যায়ে বিভাগীয় প্রধানের সল্লিকটে এসে যাচ্ছেতাই আচরণ করেন। বিভাগীয় প্রধানের আবেদনের প্রেক্ষিতে কারণ দর্শানো হলে তিনি চিঠির কপি গ্রহণ না করে বরং বিরূপ আচরণ করেন। পরবর্তীতে অফিসের স্মারক নং-টিএসসি/মোঃ/পি.এফ/৬১ তারিখ: ১০/০৮/২০১৬ খ্রিঃ মোতাবেক চিঠি গ্রহণ না করার কারণ জানতে চাওয়া হলেও পুনরায় তিনি চিঠি গ্রহণ করেন নাই। বরং আরো উত্তেজিত হয়ে বিরূপ আচরণ করেন। তাঁর এ ধরনের আচরণ প্রতিষ্ঠানের শৃঙ্খলা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

৩। প্রতিষ্ঠানের একাদশ শ্রেণীর ইলেকট্রিক্যাল ট্রেডের ছাত্রবৃন্দ জানান যে, জনাব মোঃ মঈদুল ইসলাম এর ক্লাশ করতে তাদের সমস্যা হচ্ছে। তিনি ক্লাশে অশ্লীলভাবে গালি-গালাজ করেন। এমনটি তাদের বাবা-মা কেও গালি দেন। তাদের শারিরিকভাবে নির্যাতন করেন এবং জঙ্গি বলে আখ্যায়িত করেন। তারা সব সময়ে উক্ত শিক্ষকের ক্লাশে শংকিত থাকেন। তিনি বিভিন্ন ধর্মীয় বিষয় নিয়েও কুটুক্তি করেন।

তাঁর এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থি যা কর্তব্য কাজে অসদাচরণের সামিল।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দন্ড বিধি ৩ এর (বি) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালার ৭(বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক: জনাব মোঃ মঈদুল ইসলাম
জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)
মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ
মৌলভীবাজার।

অনুলিপি:

- ০১। অধ্যক্ষ, মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।